

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৭০

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ১০৭. কোন ব্যক্তি ঋতুবতী স্ত্রীর সাথে সহবাস ছাড়া অন্য কিছু করা প্রসঙ্গে

باب فِي الرَّجُلِ يُصِيبُ مِنْهَا مَا دُونَ الْجِمَاعِ

#### আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَة، حَدَّثَنَا عَبْدُ اللهِ، \_ يَعْنِي ابْنَ عُمَرَ بْنِ غَانِمٍ \_ عَنْ عَبْدِ الرَّحْمَنِ، \_ يَعْنِي ابْنَ زِيَادٍ \_ عَنْ عُمَارَةَ بْنِ غُرَابٍ، أَنَّ عَمَّةً، لَهُ حَدَّثَتُهُ أَنَّهَا، سَأَلَتْ عَائِشَةَ قَالَتْ: إِحْدَانَا تَحِيضُ وَلَيْسَ لَهَا وَلِزَوْجِهَا إِلَّا فِرَاشٌ وَاحِدٌ قَالَتْ: أُخْبِرُكِ بِمَا عَائِشَة قَالَتْ: أُخْبِرُكِ بِمَا صَنَعَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم دَخَلَ لَيْلاً وَأَنَا حَائِضٌ فَمَضَى إِلَى مَسْجِدِهِ \_ قَالَ أَبُو دَاوُدَ تَعْنِي وَأَوْجَعَهُ الْبَرْدُ فَقَالَ: قَالَ أَبُو دَاوُدَ تَعْنِي مَسْجِدَ بَيْتِهِ \_ فَلَمْ يَنْصَرِفْ حَتَّى غَلَبَتْنِي عَيْنِي وَأَوْجَعَهُ الْبَرْدُ فَقَالَ: "وَإِنْ اكْشِفِي عَنْ فَخِذَيْكِ". فَكَشَفْتُ فَخِذَى الْدُنِي مِنِي ". فَقُلْتُ الْ إِنِّي حَائِضٌ. فَقَالَ: "وَإِنْ اكْشِفِي عَنْ فَخِذَيْكِ". فَكَشَفْتُ فَخِذَى قَوَضَعَ خَدَّهُ وَصَدْرَهُ عَلَى فَخِذَى قَوَلَيْتُ عَلَيْهِ حَتَّى دَفِي وَنَامَ .

\_ ضعیف

#### বাংলা

২৭০। 'উমারাহ ইবনু গুরাব সূত্রে বর্ণিত। তার এক ফুফু 'আয়িশাহ্ (রাঃ)-কে জিজ্ঞাসা করেন, আমাদের কারো কারো যখন ঋতুস্রাব হয় এবং তার ও তার স্বামীর জন্য একটি মাত্র বিছানা থাকে (এরূপ অবস্থায় করণীয় কি)? 'আয়িশাহ্ (রাঃ) বলেন, আমি তোমাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর অবস্থা বর্ণনা দিচ্ছি। এক রাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম ঘরে এলেন। আমি তখন হায়িয় অবস্থায় ছিলাম। তিনি সালাতের স্থানে চলে গেলেন। ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, অর্থাৎ তার বাড়ীতে সালাতের স্থানে গেলেন, তিনি ফিরে আসতে আসতে আমার তন্দ্রা এসে গেল। ঠান্ডায় তাঁর কন্ট হচ্ছিল। তিনি বললেনঃ আমার কাছে আস। আমি বললাম, আমার তো ঋতুস্রাব হয়েছে। তিনি বললেন, হোক না। তোমার উরু উন্মুক্ত করো। আমি আমার উরু উন্মুক্ত করলাম। তিনি তাঁর মুখ ও বক্ষ আমার রানের উপর রাখলেন। আমি উপর থেকে তাঁর উপর ঝুঁকে পড়লাম। তিনি গরম হলেন ও ঘ্রমিয়ে পড়লেন।[1]



দুর্বল।

## **English**

Narrated Aisha, Ummul Mu'minin:

Umarah ibn Ghurab said that his paternal aunt narrated to him that she asked Aisha: What if one of us menstruates and she and her husband have no bed except one? She replied: I relate to you what the Messenger of Allah (ﷺ) had done.

One night he entered (upon me) while I was menstruating. He went to the place of his prayer, that is, to the place of prayer reserved (for this purpose) in his house. He did not return until I felt asleep heavily, and he felt pain from cold. And he said: Come near me. I said: I am menstruating. He said: Uncover your thighs. I, therefore, uncovered both of my thighs. Then he put his cheek and chest on my thighs and I lent upon he until he became warm and slept.

### ফুটনোট

[1] বুখারী 'আদাবুল মুফরাদ' (হাঃ ১২০)। এর সনদে 'আব্দুর রাহমান ইবনু যিয়াদ ইফরিকী দুর্বল এবং 'উমারাহ ইবনু গুরাব সম্পর্কে হাফিয 'আত-তাক্করীব' গ্রন্থে বলেনঃ তিনি অজ্ঞাত তাবেঈ। এছাড়া সনদে তার খালাও অজ্ঞাত। আল্লামা মুন্যিরী 'মুখতাসার সুনান' গ্রন্থে বলেন, তাদের কারোর হাদীস দ্বারাই দলীল দেয়া যাবে না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন